Total number of printed pages: 4 (four) **DCBL-2025-101**

**2025**

Diploma Course in Bengali Language (DCBL)

**First Semester : 1st paper**

Bengali Language and Literature on Historical Perspective

Full Marks: 80 Time: 3 hours

**২০২৫**

বাংলা ভাষা ডিপ্লোমা পাঠক্রম

**প্রথম ষাণ্মাসিক : ১ম পত্র**

ইতিহাসের আলোকে বাংলা ভাষা ও সাহিত্য

পূর্ণমান: ৮০ সময়: ৩ ঘণ্টা

**১। সংক্ষেপে উত্তর লিখুন (যে কোন পাঁচটি) : -** **১ x ৫ = ৫**

ক) বাংলা ভাষার উদ্ভব কত শতকে?

খ) পৃথিবীতে কত কোটি মানুষ বাংলা ভাষায় কথা বলে?

গ) ভাষা কি পরিবর্তন করা যায়?

ঘ) 'আমি বাংলায় গান গাই' গানটির রচয়িতা কে?

ঙ) 'হা-বাংলা' শব্দটির অর্থ লিখুন।

চ) 'বঙ্গীয় শব্দকোষের' প্রণেতা কে?

**২। উত্তর লিখুন (যে কোন দু'টি)** **৩ x ২ = ৬**

ক) বাংলার ভূখণ্ড আর বাংলা ভাষার ভূখণ্ড কি এক? নিজস্ব যুক্তি ও তথ্য দিয়ে উত্তর লিখুন।

খ) বাঙালি বলতে কাদেরকে বোঝায়? বাঙালি বলে পরিচিতি লাভ করতে হলে বাংলায় বসবাস কি অপরিহার্য?

গ) দুই একটি প্রমাণ ও যুক্তি দিয়ে বাঙালি যে একটি মিশ্র জাতি তা বুঝিয়ে দিন।

**৩। প্রশ্ন অনুযায়ী উত্তর দিন (যে কোন চারটি) :-** **১ x ৪ = ৪**

ক) 'বাঙ্গালীর ইতিহাস' (আদি পর্ব) বইটির লেখকের নাম কী?

খ) আসামের সরকারি ভাষা আইন অনুযায়ী বরাক উপত্যকার স্বীকৃত ভাষা কোন্‌টি?

গ) বাঙালিরা তাঁদের জাতিবাচক অভিধাটি কোথা থেকে লাভ করেছে?

ঘ) বাংলা ভাষাটি কোন্‌ ভাষা পরিবারের অন্তর্গত?

ঙ) আকবরের সাম্রাজ্য কয়টি সুবায় বিভক্ত ছিল?

অপর পৃষ্ঠায় দেখুন

**৪। উত্তর লিখুন (যে কোন তিনটি) : -** **৩ x ৩ = ৯**

ক) ‘চর্যাপদ’ পুথিটির আবিষ্কারক কে? এটা কোথায় আবিষ্কৃত হয়েছে? চর্যাপদের দু’জন পদকর্তার নাম লিখুন।

খ) চর্যাগীতির ভুবনের একটি জীবন্ত প্রতিবেদন যে উপন্যাসে রয়েছে এটির নাম লিখুন এবং এর রচয়িতা কে?

গ) ‘বাংলা ভাষা একটি মিশ্র ভাষা’- এটার স্বপক্ষে যুক্তি দিয়ে উত্তর লিখুন।

ঘ) বাংলা ভাষার প্রাচীনতম লিখিত নিদর্শন কোনটি? এতে ব্যবহৃত ভাষাকে কী ভাষা বলা হয়? এটি কত সালে আবিষ্কৃত হয়েছিল?

**৫। নিম্নলিখিত পদগুলোকে আধুনিক বাংলায় অনুবাদ করুন।** **১ x ৩ = ৩**

ক) ভাব না হোই অভাবন জাই
আইস মংবোর্হে কো পতিআই

**অথবা,**

খ) ‘গান গাহিআ’ নাব বাহিআ কে আইশই পারহি;
দেখিআ জৈহণ (মণহি) হোই
চিণহিআই ওহারহি।

**৬। টীকা লিখুন (যে কোন দু’টি) : -** **১½ x ২ = ৩**

ঋগ্বেদ, পুথি, সাধুভাষা, ভাষা পরিবার

**৭। উত্তর লিখুন (যে কোন পাঁচটি) : -** **১ x ৫ = ৫**

ক) তুর্কি আমলে কী ধরনের সাহিত্য প্রকাশিত হয়েছিল?

খ) বৈষ্ণব পদাবলির একজন কবির নাম লিখুন।

গ) প্রাক্‌চৈতন্য যুগের ‘শ্রীকৃষ্ণকীর্তন’ পুথি কত সালে আবিষ্কৃত হয়েছিল?

ঘ) ‘ধর্মমঙ্গল’ কাব্যের অধিষ্ঠিত দেবতা নারী না পুরুষ?

ঙ) বাংলার কোন্ নবাব শ্যামাসংগীতের গুণগ্রাহী ছিলেন?

**৮। যে কোন দু’টি প্রশ্নের উত্তর লিখুন।** **২ x ২ = ৫**

ক) মঙ্গলকাব্য কাকে বলে?

খ) প্রাক্‌চৈতন্য যুগের দু’জন শাক্ত পদকর্তার নাম লিখুন।

গ) ভানুসিংহ ঠাকুরের পদাবলী কার লেখা? এই পদটির ভাষা কী নামে পরিচিত?



অপর পৃষ্ঠায় দেখুন

**৯। সংক্ষেপে উত্তর দিন (যে কোন দু'টি) : -** **৩ x ২ = ৬**

ক) মহারাজ মেঘনারায়ণ কে ছিলেন? তিনি কোথায় সিংহদ্বার নির্মাণ করেন?

খ) উইলিয়াম কেরি কে ছিলেন? বাংলা ভাষায় তাঁর কী অবদান লিখুন।

গ) বাংলা মননশীল গদ্য রচনায় কে পথিকৃতের ভূমিকা পালন করেন? তাঁর দু'টি রচনার নাম লিখুন।

ঘ) মধ্যযুগে কামরূপ-কাছাড় সংলগ্ন অঞ্চলে বাংলা গদ্যের নিদর্শন কোথায় দেখা গেছে? প্রাচীন চিঠিপত্রের সম্ভাষণের দু'টি বয়ান লিখুন।

**১০। উত্তর লিখুন (যে কোন একটি) : -** **৪ x ১ = ৪**

ক) হেড়ম্ব রাজ্যের নিম্নলিখিত আদেশপত্রের বর্তমান রূপটি লিখুন-
যদ্যপি কম্পানী সরকারের ২০ জনা ছিপাহি আমার নিকট থাকেন তবে নিঃসন্দেহক্রমে আত্মরক্ষণপূর্ব্বক রাজ্য সম্ভোগ করিতে পারি অতএব গোচর করি মেহেরবানি পূর্ব্বক জিলা শ্রীহট্টের শ্রীযুক্ত মেজেষ্টর সাহেবের প্রতি ২০ জনা ছিপাহি আমার নিকট সদাকাল রাখিতে ১ কিত্তা পরাণার হুকুম হৈতে অনুমতি হবে।

**অথবা,**

খ) টীকা লিখুন (যে কোন দু'টি) : - ২ x ২ = ৪
ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর, রবীন্দ্রনাথ ঠাকুর, পঞ্চানন কর্মকার

**১১। সংক্ষেপে উত্তর দিন (যে কোন পাঁচটি) : -** **১ x ৫ = ৫**

ক) অষ্টাদশ শতক পর্যন্ত বাংলা কবিতার প্রধান অবলম্বন কী ছিল? মুদ্রণ না শ্রুতি?

খ) বাংলার কবিয়ালদের জীবনী কে সংগ্রহ করেছিলেন?

গ) বাংলা কাব্যে আধুনিক যুগের সূচনা কবে হয়েছিল?

ঘ) মাইকেল মধুসূদনের প্রধান কাব্যের নাম কী?

ঙ) 'রূপসী বাংলা' কার লেখা কাব্যগ্রন্থ?

চ) 'বিদ্রোহী কবি' কাকে বলা হয়?

**১২। উত্তর লিখুন (যে কোন দু'টি) : -** **২ x ২ = ৫**

ক) বাংলা ভাষায় 'নির্জনতম কবি' কাকে বলা হয়? কে এই অভিধাটি দিয়েছিলেন? কবির জন্মসাল লিখুন।

খ) বাংলা ভাষার প্রথম ভুবন, দ্বিতীয় ভুবন এবং তৃতীয় ভুবন কোনগুলি?

গ) রবীন্দ্রনাথের কবিতাগ্রন্থের সংখ্যা কত? তাঁর দু'টি কাব্য সংকলনের নাম লিখুন।

**১৩। প্রশ্নানুযায়ী উত্তর লিখুন (যে কোন দু'টি) : -** **৩ x ২ = ৬**

ক) ভারতবর্ষে সর্বপ্রথম বাংলা নাটক কে উপস্থাপন করেন? এই নাটকটির নাম লিখুন। নাটকটি কোথায় মঞ্চস্থ হয়েছিল?

খ) নাটক বলতে কী বোঝায়? বাংলার দু'জন বিশিষ্ট নাট্যকারের নাম লিখুন।

গ) সাম্যবাদী চেতনায় উদ্বুদ্ধ হয়ে নাট্যকর্মীরা কী ধরনের নাটক লিখেছেন? এরকম একটি নাটক এবং নাট্যকারের নাম লিখুন।

**১৪। উত্তর লিখুন (যে কোন দু'টি) : -** **২ x ২ = ৪**

ক) কুশীলব কাদের বলা হয়?

খ) গিরিশ ঘোষের দু'টি নাটকের নাম লিখুন।

গ) বাংলার কোন্ কোন্ লৌকিক শিল্পের মধ্যে নাট্য উপাদান ছিল?

**১৫। শুদ্ধ উত্তরটি বেছে নিন : -** **১ x ৬ = ৬**

ক) বাংলা উপন্যাসের সূচনা হয়েছিল ______ (অষ্টাদশ/উনবিংশ শতাব্দীতে)।

খ) উপন্যাস হল ______ (গদ্যে/পদ্যে) লিখিত একটি বর্ণনামূলক উপস্থাপন।

গ) টেকচাঁদ ঠাকুর ______ (প্যারীচাঁদ মিত্রের/বঙ্কিমচন্দ্রের) ছদ্মনাম।

ঘ) ______ (চরিত্রহীন/দুর্গেশনন্দিনী) কথাসাহিত্যিক শরৎচন্দ্র চট্টোপাধ্যায়ের রচিত একটি উপন্যাস।

ঙ) অরণ্যের অধিকার উপন্যাসটি ______ (আশাপূর্ণা দেবীর/মহাশ্বেতা দেবীর) রচিত।

চ) বাংলা সাহিত্যে সার্থক ছোটগল্পের প্রথম পর্বের লেখক ______ (কবিগুরু রবীন্দ্রনাথ ঠাকুর/প্রেমেন্দ্র মিত্র)।

**১৬। উত্তর দিন (যে কোন একটি) : -** **৪ x ১ = ৪**

ক) ছোটগল্প কী? এটি কোন্ পরিপ্রেক্ষিতে রচিত হয়েছিল? দু'টি ছোটগল্পের নাম লিখুন।

খ) বাংলা সাহিত্যে মীর মশারফ হোসেনের অবদান সম্বন্ধে টীকা লিখুন।

গ) বাংলা উপন্যাসে 'তিন বাড়ুজ্জে' বা বন্দ্যোপাধ্যায় কারা? তাঁদের প্রধান গ্রন্থগুলোর দু'টি করে উদাহরণ দিন।

- শেষ পৃষ্ঠা -